



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এডিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৯১১৭৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্সঃ ৮৮০-৯১২৭৫১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০৭.৭১.০০১.১৮-১৮

তারিখঃ ১৮.১০.২০১৮ খ্রিষ্টাব্দ
০৩.০৭.১৪২৫ বঙ্গাব্দ


বিষয়ঃ খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসঙ্গে।

বারটান-এর রোড ম্যাপ অনুযায়ী ২০১৮-১৯ অর্থ বছরে উপরোল্লিখিত বিষয়ে ২ (দুই) ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ২৩-২৫ অক্টোবর, ২০১৮ খ্রিঃ তারিখে শরিয়তপুর জেলার ভেদরগঞ্জ উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরণ, সংখ্যা এবং প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান নিম্নে উল্লেখ করা হলো :

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান	
			তারিখ	স্থান
১ম ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক (বিজ্ঞান বিভাগ), ইমাম, পুরোহিত ও এনজিও কর্মী	৩০ জন	২৩-২৫ অক্টোবর, ২০১৮ খ্রিঃ	কৃষি কর্মকর্তার প্রশিক্ষণ কক্ষ, ভেদরগঞ্জ, শরিয়তপুর।
২য় ব্যাচ	কিষাণ-কিষাণী	৩০ জন	২৩-২৫ অক্টোবর, ২০১৮ খ্রিঃ	উপজেলা পরিষদ মিলনায়তন, ভেদরগঞ্জ, শরিয়তপুর।

উল্লেখ্য, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক অনুযায়ী এসএএও, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক, ইমাম, পুরোহিত ও এনজিও কর্মী মাথাপিছু দৈনিক শুধুমাত্র ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং কিষাণ-কিষাণী মাথাপিছু দৈনিক ২০০/- (দুইশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) পাঠদানের জন্য ঘণ্টা প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়ন দানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (পূর্বে যারা এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে পুনরায় মনোনয়ন দেয়া যাবে না)। এছাড়া বারটান এর প্রশিক্ষণ প্রদান এর জন্য দায়িত্বপ্রাপ্ত দুই জন কর্মকর্তাকে আগামী ২৩-২৫ অক্টোবর, ২০১৮ খ্রিঃ ভেদরগঞ্জ উপজেলায় সরকারি ব্যবস্থাপনাধীন আবাসনের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।


কাজী আবুল কালাম
পরিচালক (যুগ্মসচিব)

উপজেলা কৃষি কর্মকর্তা
ভেদরগঞ্জ,
শরিয়তপুর।

অনুলিপি বিতরণঃ সদয় অবগিত/প্রয়োজনীয় গ্রহণের জন্য।

- ০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, শরিয়তপুর।
- ০২। পিএসও (চঃদাঃ), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ০৪। হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ০৫। অফিস নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।